

স্মারক নং- এসকেএস/২০/৪৬৭

১৪ মে ২০২০ খৃঃ

### অফিস স্মারক

বিষয়: কোভিড-১৯ প্রতিরোধী ব্যবস্থা নিয়ে সংস্থার কার্যক্রম শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে এসকেএস ফাউন্ডেশনে কর্মরত সকল সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ঘোষিত (সূত্র: ০৩.৪৫১.০০০০.০১৮.০৩.২০২০-৫৯৭, তারিখ ১০ মে ২০২০) এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক জারিকৃত নির্দেশনা (সূত্র: এমআরএ/সার্কুলার লেটার নং-৫৭, তারিখ: ০৯ মে ২০২০ ইংরেজী) অনুযায়ী সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক সংস্থার মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু করার জন্য বলা হলো এবং সেইসাথে কোভিড-১৯ প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরী পরিস্থিতি মোকাবেলায় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে জরুরী ত্রান বিতরণসহ বিভিন্ন উন্নয়নমূলক সামাজিক কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প অফিস, ঢাকা অফিস ও প্রধান কার্যালয়ের কার্যক্রম শুরু করার জন্য বলা হলো। যা, নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে আগামী ১৭ মে ২০২০ খৃঃ তারিখ থেকে কার্যকর হবে। এছাড়া অঙ্গসংগঠন সমূহ তাদের নিয়ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন।

- সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলা: যেমন- ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত পরিষ্কার ও দৈহিক পরিচ্ছন্নতায় যত্নশীল হওয়া, মাস্ক ব্যবহার করা, হাঁচি, কাশির সময় টিস্যু বা কনুই-এর ভাঁজে মুখ ও নাক ঢাকা, কোভিড-১৯ এবং অন্যান্য সংক্রামক রোগ প্রতিরোধ ও ধারণা সংক্রান্ত বার্তা প্রচার করা, কর্মস্থল ও আশেপাশের এলাকা পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখা ইত্যাদি।
- উপস্থিত সকল কর্মীদের মধ্যে কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব (WHO এর গাইডলাইন অনুযায়ী) বজায় রাখা এবং প্রচলিত সমিতি/দল/কমিউনিটি গ্রুপের সভা/উঠান বৈঠক পরিহার করে একে অপরের থেকে কমপক্ষে ১ মিটার (৩ ফুট) দূরত্ব বজায় রেখে কাজ করা।
- অফিস পর্যায়ে কোভিড-১৯ প্রতিরোধে করণীয়: সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা, হ্যান্ড স্যানিটাইজার রাখা, জীবাণুনাশক ইত্যাদি সংরক্ষণ করা, অফিসে ব্যবহৃত জিনিসপত্রসমূহ নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখা, অফিসে জনসমাগম এড়িয়ে চলা নিশ্চিত করা।

এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

গভীর আন্তরিকতায়-



রাসেল আহম্মেদ লিটন

নির্বাহী প্রধান।

অনুলিপি:

- এসকেএস এর সকল অফিস
- নোটিশ বোর্ড
- অফিস কপি